

মানুষ

সারাজীবন ধরে একটা মানুষ যা বলে, তার মধ্যে কোন - না - কোন কথা
এই মহাবিশ্বের অমূল্য সম্পদ।
জনারণ্যে হারিয়ে যায় যে লোকটা, তাকেও ভূ-মণ্ডলে
অগ্নি ছড়াতে দেখে ভাগ্যবান কেউ।
অদ্ভুত নৈশব্দ - ফুঁড়ে - ওঠা ধূমে ঢেকে যায় সম্পূর্ণ আকাশ--
কেউ - না - কেউ তা দেখে, দেখে মণি - মুক্তো ঝরে পড়া নবান্নের প্রাক্কালে।
অস্তিত্ব বিপন্ন হলে, আঁক কেটে কেটে যারা দুঃখের কবিতা লেখে
উনুনের গা-য়,
তাদের পবিত্রতায় অগ্নিশুদ্ধ হয়ে ওঠে আমাদের অর্ধেক জীবন।
কতো কি সুন্দর চোখেই দেখে না সে; আদতে জন্মান্না তবু
পৃথিবী সম্পর্ক তার কতো কতো অসামান্য কথা।

মুখ্যত

মানুষের হাত ধরে এখনও মানুষ বড় হয় প্রতিদিন, প্রতিনিয়ত।

সুভাষ সরকার

